

- ৯.৮.২ উপবৃত্তি প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন এবং জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং অন্যান্য ব্যক্তিবর্গের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন করবেন ও তা অব্যাহত রাখবেন।
- ৯.৮.৩ জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত সংশ্লিষ্ট সভায় প্রকল্পের প্রতিনিধিত্ব করবেন এবং প্রকল্প বাস্তবায়ন-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলি উপস্থাপন করবেন।
- ৯.৮.৪ প্রতি মাসে নির্ধারিত সংখ্যক শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক অনুমোদিত ছকে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সুনির্দিষ্ট ও পূর্ণাঙ্গ তথ্যাবলিসহ প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন।
- ৯.৮.৫ কোনো শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীর গড় উপস্থিতি কাঙ্ক্ষিত হারের চেয়ে কম হওয়ার কারণে উক্ত প্রতিষ্ঠানের উপবৃত্তি সাময়িকভাবে স্থগিত হলে পরবর্তী তিন মাসের মধ্যে আকস্মিকভাবে শিক্ষাপ্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন।

৯.৯ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

- ৯.৯.১ প্রকল্প বাস্তবায়নে মনিটরিং অফিসার (উপবৃত্তি), উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারদের যাবতীয় কার্যক্রম মনিটর করবেন। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির উপজেলা ভিত্তিক প্রতিবেদন প্রকল্প দপ্তর, বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা) এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৯.৯.২ প্রতিমাসে প্রকল্পভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন করবেন এবং প্রকল্প দপ্তর হতে প্রেরিত উপবৃত্তি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে তদন্তসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করে প্রতিবেদন/তথ্য-উপাত্ত প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন।
- ৯.৯.৩ মাসিক সমন্বয় সভায় আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করে উপবৃত্তি প্রদান কার্যক্রম ও এর গুরুত্ব সম্পর্কে আলোচনা করবেন এবং এ-সংক্রান্ত উদ্ভূত সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৯.৯.৪ প্রকল্প-সংশ্লিষ্ট এবং নিয়মিত দাপ্তরিক দায়িত্ব পালনের ক্ষেত্রে মনিটরিং অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা ও সহযোগিতা প্রদান করবেন।

৯.১০ বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা)

- ৯.১০.১ প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কার্যক্রম তদারক ও মনিটর করবেন। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির জেলাভিত্তিক প্রতিবেদন প্রকল্প দপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৯.১০.২ প্রতিমাসে প্রকল্পভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন করবেন এবং পরিদর্শনকালে উপবৃত্তি সম্পর্কিত গুরুত্বপূর্ণ কোনো বিষয়/অনিয়ম নজরে এলে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রয়োজনে তা প্রকল্প দপ্তরকে অবহিত করবেন।
- ৯.১০.৩ প্রকল্পের জেলা পর্যায়ে কর্মরত মনিটরিং অফিসারগণের সমন্বয় সভায় উপস্থিতি নিশ্চিতকরণসহ আলোচ্যসূচিতে উপবৃত্তির বিষয়টি অন্তর্ভুক্ত করে উপবৃত্তি প্রদান কার্যক্রম ও এর গুরুত্ব সম্পর্কে আলোচনা করবেন এবং এ-সংক্রান্ত উদ্ভূত সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯.১১ উপজেলা নির্বাহী অফিসার

- ৯.১১.১ পরিপত্রের নির্দেশনা অনুযায়ী উপবৃত্তি প্রকল্পের কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও অন্যান্যদেরকে প্রয়োজনীয় সহায়তা ও দিকনির্দেশনা প্রদান করবেন।
- ৯.১১.২ উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ত্রৈমাসিকভিত্তিতে প্রস্তুতকৃত ও অনুমোদিত উপবৃত্তির চাহিদা নির্ধারিত সময়ের মধ্যে প্রতিস্বাক্ষরের মাধ্যমে প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন।
- ৯.১১.৩ উপবৃত্তি প্রকল্পের সার্বিক কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন এবং এ ক্ষেত্রে যে কোনো ধরনের অনিয়মের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

৯.১২ উপজেলা পরিষদ চেয়ারম্যান

- ৯.১২.১ উপবৃত্তির অর্থ বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও সহযোগিতা প্রদান করবেন।